

## প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্ব পালন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়

সংখ্যা: শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪১৮  
০৬ জুন ২০১১

### পরিপত্র

বিষয়: প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্ব পালন।

লক্ষ্য করা যাচ্ছে যে, কোন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ অবসর গ্রহণের কারণে শূন্য হলে অথবা তিনি অসুস্থ হলে বা ছুটিতে থাকলে বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষককে প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান না করে অপর কোন কনিষ্ঠ সহকারী শিক্ষককে দায়িত্ব প্রদান করা হচ্ছে। জ্যেষ্ঠ শিক্ষককে বাদ দিয়ে কনিষ্ঠ শিক্ষককে দায়িত্ব দেওয়ায় বিদ্যালয়ের প্রশাসনিক শৃংখলা ব্যাহত হয় ফলে বিদ্যালয়ের লেখাপড়ার পরিবেশ বিঘ্নিত হয়। উদ্ভূত প্রেক্ষাপটে সরকার প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্বভার পালনের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে:

২। বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক থাকা অবস্থায় তাঁকে ভিন্ন অপর কোন শিক্ষককে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্বভার অর্পণ করা যাবে না। সহকারী প্রধান শিক্ষকের পক্ষে কোন কারণে দায়িত্ব গ্রহণে অপরগতা প্রকাশ অসদাচরণ বলে গণ্য হবে।

৩। বিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষক না থাকলে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক প্রধান শিক্ষকের দায়িত্বভার পালন করবেন। জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক নির্বাচনের ক্ষেত্রে এমপিওভুক্তির তারিখ, একই তারিখে এমপিওভুক্ত হলে যোগদানের তারিখ এবং যোগদানের তারিখ একই হলে বয়সের দিক হতে বয়োজ্যেষ্ঠ সহকারী শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে। একইভাবে একই বয়সের দু'জন হলে উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন শিক্ষককে জ্যেষ্ঠ গণ্য করা যাবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)  
সচিব

### বিতরণ:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর / মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)/ চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

### অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৩। যুগ্ম সচিব (কলেজ/অডিট ও আইন/কারিগরি ও মাদরাসা/মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫। জেলা প্রশাসক (সকল)।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

স্বাঃ/-

(নুমেরী জামান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৫০৩৪১

## অধ্যক্ষ/প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্বভার পালন (সংশোধনী)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/৪৮৪

তারিখ: ০৯ জুলাই ২০১২ খ্রিস্টাব্দ  
২৫ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ

বিষয়: অধ্যক্ষ/প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্বভার পালন।

সূত্র: সংখ্যা- শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬; তারিখ: ০৬/০৬/২০১১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ/প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্বভার পালন বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৬/২০১১ তারিখের সংখ্যা- শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬ স্মারকে জারিকৃত পরিপত্রের ৩ নং অনুচ্ছেদের পর নিম্নবর্ণিত ৩.১ নং অনুচ্ছেদ সংযোজিত হবে:

৩.১ নিম্ন-মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক সকল পর্যায়ে সহকারী প্রধান শিক্ষক/প্রধান শিক্ষক/অধ্যক্ষ পদে দায়িত্বপ্রাপ্তদের ক্ষেত্রেও এই আদেশ প্রযোজ্য হবে।

২। এ সংযোজনী উপর্যুক্ত সূত্রে জারিকৃত পরিপত্রের অবিচ্ছেদ্য অংশ মর্মে গণ্য হবে।

স্বাঃ/-

(এস.এম. আনহারচঞ্জামান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৫০৩৪১(অফিস)

বিতরণ (বিতরণ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার (সকল).....
- ৩। জেলা প্রশাসক (সকল).....
- ৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল).....
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা/চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৭। পরিচালক, ব্যানবেইস, ১ সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা।
- ৮। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল).....
- ৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....

সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে :

- ১। অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাঃ/উন্নয়ন/কলেজ/কারিগরি ও মাদরাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (অডিট ও আইন/মাধ্যমিক), বাংলাদেশ সচিবালয়, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

স্বাঃ/-

(এস.এম. আনহারচঞ্জামান)  
সিনিয়র সহকারী সচিব